

পাঠ্যপুস্তকের মূল্য হ্রাস
সম্পর্কে শিক্ষামন্ত্রীর কাছে
রিপোর্ট পেশ

পাঠ্যপুস্তকের মূল্য, বিশেষ
করিয়া প্রাথমিক শ্রেণীর পাঠ্য-
পুস্তকের মূল্য কমানোর সম্ভাব্যতা
নিরূপণের জন্য শিক্ষামন্ত্রীর এক
নির্দেশের প্রেক্ষিতে বাংলাদেশ
স্কুল টেক্সট বুক বোর্ডের চেয়ার-
ম্যান জনাব সাঈদ আহমদ
বাংলাদেশ সচিবালয়ে শিক্ষামন্ত্রী
কাজী জাফর আহমদের কাছে
গতকাল বুধবার বোর্ডের পক্ষ

হইতে ঐ সম্প্রদিত এক রিপোর্ট
পেশ করেন।

গত ৭ই জুলাই শিক্ষামন্ত্রী কাজী
জাফর আহমদ বাংলাদেশ স্কুল
টেক্সট বুক বোর্ড পরিদর্শনকালে
দেশের গরীব ক্রেতাসাধারণের
অভাব ও অসুবিধার উল্লেখ করিয়া
পাঠ্যপুস্তকের মূল্য, বিশেষ করিয়া
প্রাথমিক শ্রেণীর পাঠ্য পুস্তকের
বর্তমান মূল্য হ্রাসের সম্ভাব্যতা
পরীক্ষার নির্দেশ দেন এবং এই
ব্যাপারে বোর্ডকে ৭ দিনের মধ্যে
একটি রিপোর্ট পেশ করার জন্য
বলেন। খবর সরকারী তথ্য
বিবরণীর।